গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ এর কার্যালয়
রাজশাহী

rajshahi.judiciary.gov.bd

নং ৪০/জি, তারিখ: ০৪ বৈশাখ ১৪৩২ / ১৭ এপ্রিল ২০২৫

# অফিস আদেশ

রাজশাহী জেলা জজ আদালতের নাজির জনাব মোঃ জয়দুল ইসলামের জন্ম তারিখ ১৬/০৬/১৯৬৬ ইং হওয়ায় আগামী ১৫/০৬/২০২৫ ইং তারিখে তাহার বয়স ৫৯ বৎসর পূর্ণ হইবে। কিন্তু তিনি এক দরখাস্ত দাখিল করিয়া পারিবারিক প্রয়োজনে আগামী ১২/০৫/২০২৫ ইং তারিখ হইতে স্বেচ্ছায় চাকরি হইতে অবসর গ্রহণের প্রার্থনা করিয়াছেন। তাহার প্রার্থনা মঞ্জুরক্রমে তাহাকে ২০১৮ সনের সরকারি চাকরি আইনের ৪৪(১) ধারার বিধান অনুযায়ী আগামী ১২/০৫/২০২৫ ইং তারিখ তাহাকে সরকারি চাকরি হইতে অবসর প্রদান করা হইল। একই আইনের ৪৭ ধারার বিধান অনুযায়ী তিনি আগামী ১২/০৫/২০২৫ হইতে ১১/০৫/২০২৬ ইং তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসর পূর্ণ গড় বেতনে অবসরোত্তর ছুটি (পি.আর.এল) প্রাপ্ত হইবেন।

ছুটির প্রাপ্যতা থাকা সাপেক্ষে তাহাকে ২০১৫ সনের চাকরি (বেতন ও ভাতাদি) আদেশের ১০ অনুচ্ছেদের (২) (খ) উপানুচ্ছেদের বিধান মোতাবেক তাহার ১৮ (আঠার) মাসের অর্জিত ছুটি নগদায়নের অনুমতি প্রদান করা হইল। তিনি লাম্প গ্রান্ট হিসাবে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সম পরিমাণ অর্থ অর্থাৎ ৪,০২,৮৪০/- (২২,৩৮০×১৮) (চার লক্ষ দুই হাজার আট শত চল্লিশ) টাকা প্রাপ্ত হইবেন।

তাহাকে তাহার বিচার/মোহন/০২ (১০০০৮৫০৯৭৪) নং ভবিষ্য তহবিলে জমাকৃত সমুদয় চাঁদা সুদসহ রাজশাহীর বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের চূড়ান্ত পাওনা পরিশোধের ক্ষমতা প্রাপ্তি সাপেক্ষে উত্তোলনের অনুমতি প্রদান করা গেল।

তাহাকে আগামী ১২/০৫/২০২৫ ইং তারিখ অপরাহ্নে দায়িত্ব হইতে অবমুক্ত করতঃ অবসরোত্তর ছুটিতে যাওয়ার অনুমতি প্রদান করা গেল।

তিনি বিধি মোতাবেক অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্ত হইবেন।

সংশ্লিষ্ট সকলকে জানানো হউক।

১৭/৪/২০২৫

(গোলক চন্দ্র বিশ্বাস),
গ্রেডেশন নং-১৬,
সিনিয়র জেলা ও দায়রা জজ,
রাজশাহী
ই-মেইল: districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং ১৬৬ /২৫-(৫)/জি, তারিখ: ০৪ বৈশাখ ১৪৩২ / ১৭ এপ্রিল ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হইল:

১। ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রাজশাহী,
২। ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রাজশাহী,
৩। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী,
৪। জনাব মোঃ জয়দুল ইসলাম, নাজির, জেলা জজ আদালত, রাজশাহী ও
৫। অফিস কপি।

জেলা ও দায়রা জজ আদালত, রাজশাহী

আদেশক্রমে-

(মোঃ ফজলে রাব্বী),
প্রশাসনিক কর্মকর্তা,
জেলা জজ আদালত, রাজশাহী।